

সানসিক্স সেলিব্রেটস লিভিং কালারস বাই পারসোনা

# ব্যতিক্রমী আর চমক লাগানো এক ফ্যাশন শো



স্বাগত বক্তব্য রাখছেন পারসোনা হেয়ার এন্ড বিউটির বিউটি এক্সপার্ট কানিজ আলমাস খান



মুখ পরিচিত। তাই আজরা, ইমি, রিনি বা টুম্পার ক্যাটওয়াক স্বভাবতই স্বাভাবিক একটা ব্যাপার। শুরুতে বলা চমকের শুরু আসলে এর পরের কিউ থেকে। ওস্তাদ সুলতানপুরীর অসাধারণ গান 'কাটে না ইয়ে রাত' বাজতে শুরু করলো উইন্টার গার্ডেনজুড়ে। অন্ধকার মধ্যে হঠাৎ আলো জ্বলে উঠলো। র‍্যাঙ্গম্প মডেলের তুলনায় একটু কম D'PZvi এক মডেলকে ধীরলয়ে হেঁটে আসতে দেখলেন দর্শক। পরণে কনের পোশাক। কারণ এটা ব্রাইডাল কিউ।

২২ মার্চ সন্ধ্যায় হোটেল শেরাটনের উইন্টার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'সানসিক্স সেলিব্রেটস লিভিং কালারস বাই পারসোনা' শিরোনামের ফ্যাশন শো। শো শুরুর আগে পারসোনা হেয়ার এন্ড বিউটির বিউটি এক্সপার্ট কানিজ আলমাস খান শো সম্পর্কে দর্শকদের উদ্দেশে বলেন কিছু কথা...

ঘড়িতে তখন রাত ৮টা বেজে ১৭ মিনিট। অন্ধকার মধ্যে গিটার হাতে গায়ক নিপো গাইতে শুরু করলেন 'তার উষা চোখের ছোঁয়ায়...'. হঠাৎ আলো জ্বলে উঠলো। শাহরুখ আমিনের ডিজাইন করা সাদা, কালো আর লাল শাড়ি পরে মধ্যে এলেন আজরা, টুম্পা এবং নীলা। পুরো শোয়ের ডিজাইনার শাহরুখ আমিনেরই কোরিওগ্রাফিতে ক্যাটওয়াক করতে থাকলেন মডেলরা। ওদিকে নিপোর গান চলছে। ব্যতিক্রমী এই আইডিয়াটা দর্শকদের বেশ পছন্দ হয়েছে বোঝা গেলো কিউ শেষে হাততালিতে।

ফিকশন গানের তালে তালে দ্বিতীয় কিউতে ব্রাউন শিফন শাড়ি পরে র‍্যাঙ্গম্প এলেন রিনি, ইমি আর সোনিয়া। যারা ফ্যাশন শো'র নিয়মিত দর্শক তাদের কাছে এই মডেলদের

টকটকে লাল শাড়ি পরা কনেকে র‍্যাঙ্গম্পের মাঝামাঝি আসতে দেখে ফটোগ্রাফাররা ব্যস্ত হয়ে উঠলেন। দর্শকদের মাঝেও নড়াচড়া শুরু হলো মডেলকে চিনতে পেরেই মনে হয়। কনেরপী মডেল বিজরী বরকতউল্লাহ্ হাসি হাসি মুখ নিয়ে পুরো র‍্যাঙ্গম্প হাঁটতে থাকলেন। র‍্যাঙ্গম্পের ডানদিকে দর্শক সারিতে বসা তার কন্যা উর্বানা'র বাবা শওকত আলী ইমন ডিজিটাল আর মোবাইল ক্যামেরা নিয়ে ব্যস্ত হয়ে গেলেন বিজরীর ছবি তুলতে। বিজরী ছিলেন চমকের শুরু। সবাইকে চমকে দিয়ে এরপর একে একে হাজির হতে থাকলেন দীপা খন্দকার, নাদিয়া, তিশা, মোনালিসা। একই কিউতে একটু বিরতি দিয়ে বর-কনেবোশে হেঁটে এলেন ফেরদৌস ও রুমানা। স্টেজ থেকে সোজা দর্শকদের দিকে মুখ করে এ

দু'জন নেমে গেলেন দর্শক সারিতে। ওদিকে আবার কনের সাজ আর পোশাকে স্টেজে ঢুকলেন পপি।

কানিজ আলমাসের করা মেকআপ ও হেয়ার স্টাইলে মাল্টিকালারের চওড়া পাড়ের শাড়িতে এই সেলিব্রিটি মডেলদের দেখা গেছে একেবারেই নতুন রূপে। তারকা মডেল পর্ব শেষে শুরু হলো ইভনিং গাউনের কিউ। নিতিন সোয়ানীর গানে লাল রঙের এই কিউতে চমক ছিলো আবারও। লাল ইভনিং গাউন পরে অন্য র‍্যাম্প মডেলদের সঙ্গে একেবারেই পরিপূর্ণ এক মডেলের মতোই হেঁটে এলেন গায়িকা মেহরীন। D'PZV, ফিগার, মেকআপ-গেটআপ সবকিছু মিলিয়ে মেহরীনকে মনে হচ্ছিলো সত্যিকারের একজন সুপার মডেল। মুখে মিষ্টি হাসি নিয়ে তিনি ক্যাটওয়াক করলেন খুব সুন্দর।

এর আগে ছিলো মিস্স ম্যাচ কিউ।

পুরো শোটি ভাগ করা হয়েছিলো ৪টি রঙে। পরের কিউর রঙ ছিলো নীল। রাঘবের গানে ওয়েস্টার্ন পোশাকে সোনিয়া, মারিয়া, রিনির সঙ্গে ক্যাটওয়াক করতে এলেন মডেল অভিনেত্রী সুইটি। মডেল ছিলেন এক সময়-একটু হেঁটেই বুঝিয়ে দিলেন সেটা।

পরের সবুজ রঙের কিউতে পঞ্চ আর ধুতি পরেছেন মডেলরা। রাগা'র স্মৃতি গানে র‍্যাম্প



মডেলদের সঙ্গে ক্যাটওয়াকে অংশ নিয়েছেন নায়িকা কেয়া। ভালো হাঁটেন না কেয়া, তবে তার হাসিমুখের উপস্থিতি ভালোই পছন্দ করেছেন দর্শক।

বিচিত্র রঙের এ ফ্যাশন শো'র শেষ কিউর রঙ গোলাপি। ইন্ডিয়ান গার্ল ব্যান্ড ভিভা'র

৪৫ মিনিটের ফ্যাশন শো শেষে ফাহমিদা নবী এবং বাপ্পা মজুমদারের নির্বাচিত কিছু গান দর্শকদের মুগ্ধতা নিয়েই ঘরে ফিরে যেতে বাধ্য করেছে।

শেখ মনজু  
ছবি সৌজন্যে : বাপ্পা

SUCCESS - IT'S A MIND GAME

# IELTS জয়ের অমোঘ অস্ত্র...

**PUNDITS**  
PUBLICATIONS

Pundits  
ACING THE  
**IELTS**  
Reading Section

by **MOHAMMAD KHALID RAHMAN**  
Assistant Director, English Language Centre

Your ultimate weapon for getting  
the Band Score

From the House of

**DHANMONDI  
SIDDESHWARI  
BANANI**

Power your Knowledge

Charmondal, 12NA Sarmaajal Road (near 15 no. bus stand)  
Siddeshwari: 1 Siddeshwari Road (adjacent to Masumbar market)  
Banani: DAE Model Complex, Flat 505M, RWE, R917, Block D (opposite NSU library)

Helpline: 0181206523 Dharmondi: 018124593 Siddeshwari: 0181266767 Banani: 01812112

Anchor at our port